

মুজিববর্ষের
অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ
হোক সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.১০১.৩১.২১৬.১৬-১৯০

তারিখঃ ২২/০৭/১৪২৭বঙ্গাব্দ
০৭/১০/২০২০খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া এর শ্রম পরিদর্শক (সাধারণ) সামসুন নাহার তাঁর অধিক্ষেত্রাধীন এলাকার বিভিন্ন ক্লিনিক ও প্রতিষ্ঠানের লাইসেন্সের নবায়নের সময় লাইসেন্সের ক্যাটাগরী পরিবর্তন, ভলিউম বইতে কাটাকাটি, মূল লাইসেন্স কাটাকাটি করেন এবং ইচ্ছাকৃতভাবে লাইসেন্সের ক্যাটাগরী পরিবর্তন করেন এবং সে অনুযায়ী ট্রেজারি চালান জমা করেন। তিনি এক প্রতিষ্ঠানের নামে জমাকৃত চালান কাটাকাটি করে অন্য প্রতিষ্ঠানের নামে হাতে লিখে লাইসেন্স প্রদানের সুপারিশ করেন। বর্ণিত অভিযোগে ২১-১০-২০১৯ খ্রিঃ তারিখে বিভাগীয় মামলা নং- ০৪/২০১৯ রুজু করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোজনক বিবেচিত না হওয়ায় অভিযোগ তদন্ত করার জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যা লয়ের উপমহাপরিদর্শক (সাধারণ শাখা), সাবিহা মুক্তা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং ০৬-০৭-২০২০ খ্রিঃ তারিখের ৪০.০১.০০০০.১০২.৯৯.০৫১.১৮.৮০৬ নং স্মারকের মাধ্যমে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি- ২ (খ) এ বর্ণিত অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং তদন্ত প্রতিবেদনের মাধ্যমে প্রতীয়মান হয় যে, নাহার ক্লিনিক নামক একটি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিধি অনুযায়ী নির্ধারিত ফি এর চেয়ে ২৩২৫/- (দুই হাজার তিনশত পচিশ টাকা মাত্র) কম জমা দেয়া হয়েছে।

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা সামসুন নাহার, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি- ২ (খ) এ বর্ণিত অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি-৪ এর উপবিধি-২ এর দফা (গ) মোতাবেক ২৩২৫/- (দুই হাজার তিনশত পচিশ টাকা মাত্র) সরকারের আর্থিক ক্ষতি হওয়ায় উক্ত টাকা অভিযুক্তের বেতন হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের লক্ষ্যে দণ্ড প্রদান করা হল।



শিবনাথ রায়

(অতিরিক্ত সচিব)

মহাপরিদর্শক

ফোন (অফিস)- ০২-৮৩৯১৩৪৮


ফ্যাক্স-০২-৮৩৯১৪২৫

ই-মেইল-ig@dife.gov.bd

নং-৪০.০১.০০০০.১০১.৩১.২১৬.১৬-১৯০/ ১(৯)

বিতরণঃ **জ্ঞাতার্থে/ কার্যার্থে**

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া।
- ৬। সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারি মহাপরিদর্শক (সেইফটি), আইসিটি সেল। (দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৭। মোঃ আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), (ডোসিয়ারে সংক্ষণের জন্য)।
- ৮। জনাব সামসুন নাহার, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া।
- ৯। ব্যক্তিগত নথি


০৭.১০.২০২০

শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক

ফোন (অফিস)- ০২-৮৩৯১৩৪৮

ফ্যাক্স-০২-৮৩৯১৪২৫

ই-মেইল-ig@dife.gov.bd